# মহিলা, শিশু ও কিশোরী হেফাজতীদের নিরাপদ আবাসন কেন্দ্র, গাজীপুর

১. কর্মসূচির নাম : মহিলা, শিশু ও কিশোরী হেফাজতীদের নিরাপদ আবাসন কেন্দ্র, গাজীপুর।

২. মন্ত্রণালয়/বিভাগ : মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।

৩. বাস্তবায়নকারী সংস্থা : মহিলা বিষয়ক অধিদপ্তর।

৪. অবস্থান : গাজীপুর জেলাধীন জয়দেবপুর উপজেলার মোগরখাল মৌজায়।

৫. অবস্থানকারী হেফাজতীদের ধরন : মূলত আদালত হতে প্রেরিত বিভিন্ন মামলার ভিকটিম/হেফাজতীগণ (বাড়ী হতে পলায়ন, হারানো, ধর্ষণ, হত্যা মামলার স্বাক্ষী ও অন্যান্য মামলা) কেন্দ্রে হেফাজতী হিসাবে অবস্থান করেন।

৬. কেন্দ্রের ধারণ ক্ষমতা : আদালত হতে প্রেরিত ১০০ জন হেফাজতীর ধারণ ক্ষমতা এ কেন্দ্রের রয়েছে। তিন তলা বিশিষ্ট ডরমেটরী ভবনের ২য় ও তৃতীয় তলায় সর্বমোট ২০ টি রুমে ০৫ জন করে বর্তমানে মোট ১০০ জন হেফাজতী অবস্থানের সুযোগ রয়েছে।

৭. উদ্দেশ্য

- হেফাজতী মহিলা, শিশু ও কিশোরীদের বিচারকালীন সময়ে নিরাপদ আশ্রয়ের ব্যবস্থা করা।
- বিনা মূল্যে খাদ্য, বস্ত্র, চিকিৎসা, শিক্ষা ও বিনোদনের ব্যবস্থা করা।
- নির্ধারিত শুনানীর দিনে নিরাপত্তার সাথে কোর্টে হাজির করা এবং কোর্ট হতে আবাসন কেন্দ্রে ফেরত আনা।
- আশ্রয়কালীন সময়ে তাদের দক্ষ জনসম্পদে উন্নীত করার লক্ষ্যে সচেতনতা বৃদ্ধি করা।
- কেন্দ্রে অবস্থানকালীন সময়ে শারীরিক ও মানসিক চিকিৎসা সহ সম্ভাব্য আইনগত সহায়তা প্রদান করা ।
- মহিলা ও শিশুদের মানবাধিকার সমুন্নত রাখা।

৮. প্রদত্ত সেবাসমূহ :

- আদালত কর্তৃক প্রেরিত হেফাজতীদের বিচার চলাকালীন সময়ে আবাসন কেন্দ্রে আশ্রয়ের ব্যবস্থা করা হয়।
- নির্ধারিত শুনানীর দিনে নিজস্ব যানবাহনে পর্যাপ্ত পুলিশ প্রহরাসহ নিরাপত্তার সাথে কোর্টে হাজির করা এবং কোর্ট হতে আবাসন কেন্দ্রে ফেরত আনা হয়।
- আবাসন কেন্দ্রে অবস্থানকালীন সময়ে বিনা মূল্যে খাদ্য, বস্ত্র, চিকিৎসা, শিক্ষা ও বিনোদনের ব্যবস্থা করা হয়।
- বিশেষ বিশেষ দিবসে হেফাজতীদের বিশেষ খাবার পরিবেশন করা হয়।
- আশ্রয়কালীন সময়ে তাদের দক্ষ জনসম্পদে উন্নীত করার লক্ষ্যে সেলাই প্রশিক্ষণ প্রদান করা হয়।
- হেফাজতীদের কাউন্সেলিং এর মাধ্যমে সচেতনতা বৃদ্ধি ও মানসিক চিকিৎসার ব্যবস্থা করা হয়।

৯. অগ্রগতি : ২০১৭-১৮ অর্থ-বছরের জুলাই/১৭ হতে জুন/১৮ পর্যন্ত ৬৮ জন বিভিন্ন মেয়াদে আবাসন কেন্দ্রে অবস্থান করেছে। ঢাকাসহ আশেপাশে বিভিন্ন জেলা আদালতে আবাসন কেন্দ্রে অবস্থানরত হেফাজতীদের মামলা পরিচালিত হচ্ছে।